গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮-২৯১ তারিখ : ১৭ আশ্বিন ১৪২৬ / ০২ অক্টোবর ২০১৯

বিষয় : আগস্ট, ২০১৯ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রেরণ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২৪ সেপ্টেম্বর ২০১৯ তারিখে অনুষ্ঠিত আগস্ট, ২০১৯ এর মাসিক সমন্বয়সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতৎসঙ্গে প্রেরণ করা হলো। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ০৯.১০.২০১৯ তারিখের মধ্যে হার্ডকপি সরাসরি ও সফট কপি (Nikosh font ১৩ সাইজে) ই-মেইল (admin3@ssd.gov.bd) প্রশাসন-৩ অধিশাখায় প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী

বিতরণ:

**সুরক্ষা সেবা বিভাগ :**

১. অতিরিক্ত সচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
২. যুগ্মসচিব ..................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৩. উপসচিব .................(সকল), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৪. উপপ্রধান(পরিকল্পনা), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৫. সিনিয়র সহকারী সচিব ..................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৬. সিনিয়র সহকারী প্রধান (পরিকল্পনা-১), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৭. সহকারী প্রধান(পরিকল্পনা-২), সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
৮. প্রোগ্রামার, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ; এবং
৯. সহকারী সচিব.................(সকল),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

**অধিদপ্তরসমূহ :**

১. মহাপরিচালক, বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা;
২. মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা;
৩. মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা;
৪. কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, ঢাকা এবং
৫. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, এজিবি ভবন, সেগুন বাগিচা, ঢাকা;

০২.১০.১৯
(মোঃ আবদুল কাদির)
উপসচিব
ফোন #:+৮৮০ ৪৭১২৪৩৫৯
ই-মেইল : admin3@ssd.gov.bd

স্মারক নং- ৫৮.০০.০০০০.০১৪.০৬.০০৬.২০১৮-২৯১ তারিখ : ১৭ আশ্বিন ১৪২৬ / ০২ অক্টোবর ২০১৯

অনুলিপি :

১. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ),সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়;
২. সচিব-এর একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

(মোঃ আবদুল কাদির)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা
www.ssd.gov.bd

## সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়-এর অধীন অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত আগস্ট, ২০১৯-এর সমন্বয়সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ শহিদুজ্জামান, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
তারিখ ও সময় : ২৪ সেপ্টেম্বর ২০১৯, বেলা : ১১.৩০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়
উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি সুরক্ষা সেবা বিভাগের অধীন প্রতিটি অধিদপ্তর/উইং-এর চলমান কার্যক্রমকে আরো গতিশীল করার লক্ষ্যে আরো আন্তরিকতা, দক্ষতা ও নিষ্ঠার সাথে কাজ করতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করার জন্য উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ জানান। অতঃপর উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন।

| ক্র. | আলোচ্যসূচি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১ | গত সভার (জুলাই, ২০১৯) কার্যবিবরণী নিশ্চিতকরণ। | জুলাই, ২০১৯-এর সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিতে তা নিশ্চিত করা হয়। |

| ক্র. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| | **নির্বাচনী ইশতেহার ২০১৮ (সমৃদ্ধির অগ্রযাত্রায় বাংলাদেশ) :** | |
| ২.১ | **ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর : বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>• মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি ও চলমান অভিযান অব্যাহত থাকবে। মাদকাসক্তদের পুনর্বাসনের জন্য সরকারি অর্থায়নে সংশোধনাগারের সংখ্যা বৃদ্ধি করা হবে [অনু. ৩.৬ ]<br>• তরুণদের মাদকের ভয়াল আসক্তি থেকে মুক্ত করতে প্রতিটি জেলায় একটি করে সরকারি মাদকাসক্তি নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র করা ও বেসরকারি কেন্দ্রগুলোর জন্য সরকারি অনুদান বাড়ানো হবে [অনু. ৩.১১]<br>• আগস্ট, ২০১৯ এ ৫৫২০টি মাদকবিরোধী অভিযান পরিচালনা করে ১৫৮৪ জন আসামির বিরুদ্ধে ১৫০৭টি মামলা দায়ের ।<br>• আগস্ট, ২০১৯ এ ২১৮টি সভা সেমিনার ও শিক্ষা প্রতিষ্ঠানে ৩৫৬টি মাদকবিরোধী আলোচনাসভা ও মাদকপ্রবণ এলাকায় ৪৮টি স্থানে টিভি ফিলার প্রচার ।<br>• ২০১৮-১৯ অর্থবছরে ৫টি LED Billboard ক্রয় করা হয়েছে। এর মধ্যে ঢাকা মেট্রোপলিটন এলাকায় ৩টি, চট্টগ্রামে-১টি এবং কক্সবাজারে-১টি মোট ৫টি LED Billboard স্থাপনের বিষয়ে সাইট সিলেকশন ।<br>• ৪টি বিভাগীয় শহরে (রাজশাহী, বরিশাল, সিলেট ও চট্টগ্রাম) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন ।<br>• কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক সুবিধাসহ সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের জনবল ।<br>• ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের ডিপিপি প্রণয়ন।<br>• বৃহত্তর জেলাসমূহে ১০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করার ডিপিপি প্রণয়ন। | • মাদকবিরোধী প্রচারণামূলক কার্যক্রমের জন্য মাদকবিরোধী আলোচনা সভা, সমাবেশ, সেমিনার, কৌশলগত স্থানে সাইনবোর্ড, LED Billboard স্থাপন ও টিভি ফিলার প্রদর্শন কার্যক্রম অব্যাহত রাখা;<br>• মাদকের বিরুদ্ধে চলমান অভিযান অব্যাহত রাখা;<br>• ৪টি বিভাগীয় শহরে (রাজশাহী, বরিশাল, সিলেট ও চট্টগ্রাম) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন সংক্রান্ত প্রকল্পটি বাস্তবায়নে দ্রুত ব্যবস্থা নেয়া;<br>• কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্রকে ২৫০ শয্যা বিশিষ্ট আধুনিক সুবিধাসহ সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্পের জনবল নির্ধারণের জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের পরিপ্রেক্ষিতে জনবল অনুমোদন বিষয়ে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখা;<br>• বৃহত্তর জেলাসহ মাদকপ্রবণ জেলাসমূহে ১০০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করার ডিপিপি প্রণয়ন দ্রুত সম্পন্ন করা;<br>• অবশিষ্ট জেলাসমূহে ৫০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপন করার কোন ব্যবস্থা গ্রহণ করা হয়নি। এ বিষয়ে দ্রুত ব্যবস্থা নেয়া;<br>• বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহেও আর্থিক অনুদান প্রদানের বিষয়ে দ্রুত নীতিমালা প্রস্তুত করা।<br>• সর্বোপরী নির্বাচনী ইশতেহারে উল্লেখিত লক্ষ্য ও পরিকল্পনা বাস্তবায়নে সকল প্রকার পদক্ষেপ গ্রহণ ও দ্রুত বাস্তবায়ন করা।<br>**বাস্তবায়নে : মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর/মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অনুবিভাগ** |

- প্রতিটি জেলায় ৫০ শয্যা বিশিষ্ট সরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্র স্থাপনের ডিপিপি প্রণয়ন।
- বেসরকারি নিরাময় কেন্দ্রসমূহেও আর্থিক অনুদান প্রদানের বিষয়ে একটি নীতিমালা প্রণয়ন।

**খ) ইমিগ্রেশন পাসপোর্ট অধিদপ্তর : বাস্তবায়ন অগ্রগতিঃ**

**ই-পাসপোর্ট এবং ই-ভিসা চালু করা হবে [অনু. ৩.২১] :**

- ৩টি আন্তর্জাতিক বিমানবন্দর ও ২টি স্থল বন্দরে ৫০টি ই-গেইট স্থাপনের লক্ষ্যে ইতোমধ্যে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের ইমিগ্রেশন-২ এ প্রাথমিকভাবে ৩টি ই-গেইট স্থাপন।
- প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ডিপিপি পুনর্গঠন কার্যক্রম চলমান। জমি বরাদ্দের প্রস্তাবটি গণপূর্ত মন্ত্রণালয় হয়ে রাজউকের বিবেচনাধীন।
- ই-ভিসা ও ই-টিপি চালুকরণের লক্ষ্যে একটি Technical Committee গঠন।

- ই-পাসপোর্ট ও ই-গেইট প্রকল্পের কাজ বাস্তবায়ন এবং উদ্বোধনের বিষয়ে অতিরিক্ত সচিব (উন্নয়ন)-কে প্রকল্প পরিচালকের সাথে আলোচনাপূর্বক এতদসংশ্লিট সকল কার্যক্রম দ্রুত সম্পন্ন করা;
- প্রি শিপম্যান্ট ইন্সপেকশন(পিএসআই) কার্যক্রম সম্পাদনের সময় চুক্তি অনুযায়ী পণ্য ডেলিভারি করা হচ্ছে কি-না তা নিশ্চিত হয়ে এতদসংশ্লিষ্ট দলিল-দস্তাবেজে স্বাক্ষর করা।
- ই-পাসপোর্ট প্রকল্প নির্ধারিত সময়ে সম্পন্ন না হওয়া দুঃখজনক। তাই ই-পাসপোর্ট প্রকল্প দ্রুত বাস্তবায়নে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে আরো আন্তরিকতার সাথে দায়িত্ব পালন করা।
- ই-ভিসা এবং ই-ট্রাভেল পারমিট (ই-টিপি) সংক্রান্ত প্রকল্পের ডিপিপি প্রণয়ন এখনো সম্পন্ন হয়নি। এ কার্যক্রম দ্রুত সম্পন্ন করে এ বিভাগে প্রেরণ করা;
- সর্বোপরী নির্বাচনী ইশতেহারে উল্লেখিত লক্ষ্য ও পরিকল্পনা বাস্তবায়নে সকল প্রকার পদক্ষেপ গ্রহণ ও তা দ্রুত বাস্তবায়ন করা।

**বাস্তবায়নে : মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর/নিরা: ও বহি: অনুবিভাগ**

২.২ **ই-টেন্ডারিং : বাস্তবায়ন অগ্রগতি**

বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল অধিদপ্তরে ই-জিপিতে ক্রয় কার্যক্রম শুরু করা হচ্ছে। **২০১৯-২০ অর্থবছরে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** ১১টি দরপত্র আহ্বান সম্পন্ন করা হয়েছে, **জুলাই, ২০১৯ পর্যন্ত** ১১টি দরপত্র ইজিপি পদ্ধতিতে সম্পন্ন করা হয়েছে, **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে** ১টি ও **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে** ৪টি পণ্য ক্রয়ের জন্য টেন্ডার আহ্বান করা হয়েছে।

**সিদ্ধান্তসমূহ :**

- সকল অধিদপ্তর প্রধান কর্তৃক প্রয়োজনীয় যৌক্তিক চাহিদার নিরিখে বার্ষিক ক্রয় পরিকল্পনা প্রণয়ন দ্রুত সম্পন্ন করা;
- প্রস্তুতকৃত বার্ষিক ক্রয় পরিকল্পনা অনুসারে সকল প্রকার পণ্য/সেবা পিপিআরসহ সংশ্লিষ্ট বিধি-বিধান অনুসরণপূর্বক ১০০% ই-জিপি পদ্ধতিতে ক্রয় অব্যাহত রাখা;
- অধিদপ্তরসমূহের ক্রয় কার্যক্রম সংশ্লিষ্ট অনুবিভাগ কর্তৃক follow up-এ রাখা।

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/উপসচিব(প্রশাসন-২)**

২.৩ **বার্ষিক কর্মসম্পাদন চুক্তি :** দপ্তর/সংস্থাসমূহ হতে প্রাপ্ত মূল্যায়ন প্রতিবেদন সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম কর্তৃক পর্যালোচনা করে চূড়ান্ত মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে ২৯ আগস্ট ২০১৯ তারিখে মন্ত্রিপরিষদে প্রেরণ করা হয়েছে।

**সিদ্ধান্ত :**

- মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির শতভাগ বাস্তবায়নের জন্য রোডম্যাপ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখা।

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/ জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, অতিরিক্ত সচিব (অগ্নি অনুবিভাগ) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

২.৪ **সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ কার্যক্রম সংক্রান্ত তথ্যাদি :**

| মন্ত্রণালয়/ অধীন অধিদপ্তর | অনুমোদিত পদ | পূরণকৃত পদ | শূন্যপদ |
|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ২৬০ | ১৮৯ | ৭১ |
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৩০৩২ (পূর্বের জনবল ১৬২৫+ নতুন অনুমোদিত ১৪০৭) | ১৩২২ | ১৭১০ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১২,১৫০ | ১০,০৩৭ | ২১১৩ |

- এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের পিএসসি-এর মাধ্যমে পূরণযোগ্য সকল প্রকার শূন্যপদ পিএসসি-এর সাথে ব্যক্তিগত ও দাপ্তরিক যোগাযোগ অব্যাহত রেখে দ্রুত পূরণের ব্যবস্থা করা এবং বাস্তবায়ন অগ্রগতি সমন্বয়সভায় উপস্থাপন করা;
- অধিদপ্তরসমূহের নবসৃষ্ট শূন্যপদসহ সকল শূন্যপদের বিপরীতে দ্রুত নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করতঃ অগ্রগতি মাসিক সভায় উপস্থাপন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান(সকল)/সংশ্লিষ্ট উইং প্রধান/সিনিয়র সহকারী সচিব(প্রশাসন-১)**

| | | | |
|---|---|---|---|
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১২,১৭৮ | ১০,৩৫৮ | ১৮২০ |
| কারা অধিদপ্তর | ১,১৬১ | ১,০৬৫ | ৯৬ |
| মোট= | **২৮,৭৮১** | **২২,৯৭১** | **৫,৮১০** |

**২.৫ অডিটঃ**

| সংস্থা | মোট আপত্তি | জড়িত টাকা | নিষ্পত্তি | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| এসএসডি | ৩ | ৬,৮৪,৫০,৬৪৪ | ১৬ | ৩৭ |
| ডিআইপি | ৫৩ | ৫২৫,৯৭,৮৯,৪৭১ | ২২ | ১০৮ |
| ডিএনসি | ১৩৩ | ৭২৭,০৮,৭৭,৪৩৯ | ০০ | ১২ |
| প্রিজন | ১২ | ২,৫৩,৮২,৬৮৯ | ১৩৬ | ২২৭ |
| এফএসসিডি | ৩৬৩ | ১১৯,১৩,৭০,১৭৮৭৩৭ | ১৭৪ | ৩৮৭ |

- প্রত্যেক মাসে সমন্বয়সভায় নিম্নের ছকে অডিট আপত্তির তথ্য প্রদান অব্যাহত রাখা;

| মোট অডিট আপত্তির সংখ্যা | মোট জবাব প্রদানের সংখ্যা | জড়িত টাকার পরিমাণ | বিবেচ্য মাসে জবাব প্রদানের সংখ্যা | চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা | অবশিষ্ট আপত্তির সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |

- সময়মত বস্তুনিষ্ঠ ব্রডশিট জবাব প্রেরণ না করার কারণে সাধারণ আপত্তি যেন অগ্রিম আপত্তিতে রূপান্তরিত না হয় সে জন্য যথাসময়ে প্রমাণকসহ জবাব দেয়া;
- সাধারণ ও অগ্রিম আপত্তিসমূহ দ্রুত নিস্পত্তিকরণে প্রতিমাসে দ্বিপাক্ষিক ও ত্রিপাক্ষিক সভার আয়োজন করা।
- মন্ত্রণালয় এবং দপ্তরসমূহের বিগত বছরের অডিট কার্যক্রম সম্পন্ন করার জন্য বাজেট-২ শাখা হতে সিভিল অডিট অধিদপ্তরকে পত্র মারফত অনুরোধ জানানো এবং ব্যক্তিগতভাবে যোগাযোগ অব্যাহত রাখা;

**বাস্তবায়নে : অনুবিভাগ /অধিদপ্তর প্রধান/উপসচিব(বাজেট-২) ও ফোকাল কর্মকর্তা**

**২.৬ পেনশনঃ**

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন পেনশনের সংখ্যা |
|---|---|
| **সুরক্ষা সেবা বিভাগ** | ০ |
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** | ০ |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | ১ |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | ১ |
| **কারা অধিদপ্তর** | ০ |

- কর্মকর্তা/কর্মচারীদের অনিষ্পন্ন পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
- পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান কর্তৃক তত্ত্বাবধান করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ**

**২.৭ পরিদর্শন :**

| পরিদর্শনকারী কর্মকর্তার নাম ও পদবী | পরিদর্শনের তারিখ | পরিদর্শনকৃত স্থাপনার নাম |
|---|---|---|
| ব্রিগেডিয়ার জেনারেল এ কে এম মোস্তফা কামাল পাশা, কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর। | ২১.০৮.১৯ ও ২২.০৮.১৯ | গাজীপুর, টাঙ্গাইল, জামালপুর ও ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার |
| | ৩১.০৮.১৯ | কাশিমপুর কারা কমপ্লেক্স |
| কর্নেল, মোঃ আবরার হোসেন, অতিরিক্ত কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর | ৩১.০৮.১৯ | কাশিমপুর কারা কমপ্লেক্স |
| মোঃ হাবিবুর রহমান, পরিচালক (প্রশাঃ ও অর্থ), ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৩১.০৭.১৯ হতে ০২.০৮.১৯ | মোড়েলগঞ্জ(বাগেরহাট), খুলনা সদর, দৌলতপুর, খুলনা নদী এবং নড়াইল ও মাগুরা উপসহকারী পরিচালকের দপ্তর ও ফায়ার স্টেশন পরিদর্শন ও পরামর্শ প্রদান। |
| জনাব এ,টি, এম আবু আসাদ, অতিরিক্ত মহাপরিচালক (মাসব্য ও অর্থ), ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ০৮.০৮.১৯ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, নড়াইল |
| | ০৯.০৮.১৯ | আঞ্চলিক পাসপোর্ট অফিস, যশোর |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ... | কোন স্থাপনা পরিদর্শন করা হয়নি। |

**সিদ্ধান্তসমূহ :**

- প্রত্যেক মাসে অধীন দপ্তরসমূহের মহাপরিচালকসহ উর্ধ্বতন কর্মকর্তাগণ কর্তৃক নিয়মিত চলমান উন্নয়ন প্রকল্পসহ ও অধস্তন দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখা;

| | |
|---|---|
| | • চলমান উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন অগ্রগতি এবং মাঠ পর্যায়ের দপ্তর কর্তৃক প্রদত্ত সেবার মান যাচাই করা এবং সেবার মান উন্নয়নে সেবা গ্রহীতাদের সাথে মতবিনিময় করা, বিরাজমান গুরুতর সমস্যাসমূহ ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট মতামতসহ লিখিতভাবে অবহিত করা;<br><br>**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/অনুবিভাগ প্রধান(সকল)** |
| ২.৮ | **অনিষ্পন্ন বিষয়/পত্রাদি :** |

সভায় অধিদপ্তর প্রধান সকলেই জানান যে, সুরক্ষা সেবা বিভাগে অধিদপ্তর হতে প্রেরিত অনিষ্পন্ন বিষয়সমূহের নিষ্পত্তির কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।

| অধিদপ্তরের নাম | পেন্ডিং চিঠির সংখ্যা |
|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৫টি |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২টি |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ৫৫টি |
| কারা অধিদপ্তর | ৮৬টি |

• নিম্নের ছকে অধিদপ্তরে ও মন্ত্রণালয়ে অনিষ্পন্ন বিষয়সমূহের তথ্য মাসিক সমন্বয়সভায় উপস্থাপনের লক্ষ্যে প্রতিমাসের ৭(সাত) তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখা;

**অধিদপ্তরের নাম:**

| ক্রম | পেন্ডিং চিঠির সংখ্যা | | কতদিন যাবৎ অনিষ্পন্ন | অনুবিভাগ/অধিদপ্তর | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | অনুবিভাগ | অধিদপ্তর | | | |
| | | | | | |

• সুরক্ষা সেবা বিভাগের অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তি করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান/অনুবিভাগ প্রধান (সকল)**

২.৯ **প্রশিক্ষণ**

| অধিদপ্তরের নাম | কর্মকর্তা/ কর্মচারীর শ্রেণি | কর্মকর্তা/ কর্মচারীর সংখ্যা | বর্তমান মাসে প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) | ক্রমপুঞ্জিভূত প্রদত্ত প্রশিক্ষণ (ঘন্টা) |
|---|---|---|---|---|
| **ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর :** | ১ম | ৩৮ | ০৬ | ০৬ |
| | ২য় | ২৩ | ০৬ | ০৬ |
| | ৩য় | ৭৭ | ০৬ | ০৬ |
| | ৪র্থ | ৬৬ | ০৬ | ০৬ |
| **মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** | ১ম | ২৬ | ২২.৩০ | ১২.১৫ |
| | ২য় | ১২ | ৮.৩০ | ৪.১৫ |
| | ৩য় | ১৪৩ | ৪০.৪৫ | ৪৯.৩০ |
| | ৪র্থ | ৩১ | - | ৩.১৫ |
| **ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** | ১ম | ১০৩ | ১৮.৪ | ৩.৩৪ |
| | ২য় | ১৪৩ | - | - |
| | ৩য় | ৮৫৮ | ৫.২৮ | ৫.২৮ |
| | ৪র্থ | ৬৩ | ০০ | - |
| **কারা অধিদপ্তর :** | ১ম | ৪৪ | - | - |
| | ২য় | ৬৮৭ | ২.০১ | ০.৭২ |
| | ৩য় | ২,১৮৩ | ১৬.০৯ | ১৩.৭৬ |
| | ৩য় | ৭,১৩২ | ১৩.৮৮ | ৬.৮২ |
| | ৪র্থ | ১৪৫ | ৮ | ৫ |

**সিদ্ধান্তসমূহ :**

- কর্মকর্তা/কর্মচারীগণের জন্য Need based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখা;
- প্রশিক্ষণসূচি যথাসময়ে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করা যাতে সকল কর্মকর্তা/কর্মচারী যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারেন;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/ সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১) ও ফোকাল পয়েন্ট কর্মকর্তা।**

২.১০ **ওয়েবসাইট হালনাগাদকরণ** : সভায় অধিদপ্তরসমূহের ওয়েবসাইট সময়ে সময়ে আপলোড/আপগ্রেড করার জন্য বিশেষভাবে গুরুত্বারোপ করা হয়। লক্ষ্য করা যায়, কারা অধিদপ্তরের ওয়েবসাইট দীর্ঘদিন যাবৎ আপডেট করা হচ্ছে না।

- প্রত্যেক অধিদপ্তরের ওয়েবসাইট সময়ে সময়ে আপডেট করা, বিষয়টি (আইসিটি ও প্রশাসন-১ শাখা কর্তৃক মনিটরিং করা।
- জারিকৃত জরুরি নোটিশসমূহ, জিও, প্রজ্ঞাপন, অফিস আদেশ, সভার কার্যবিবরণী, এনওসি, গুরুত্বপূর্ণ বিজ্ঞপ্তি, প্রকল্পের তথ্য হালকরণ ও বিভিন্ন প্রোগ্রামের ছবি ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যথারীতি ওয়েবসাইটে আবশ্যিকভাবে আপলোড/আপডেট করা;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/যুগ্মসচিব(বহি-৪ অধিশাখা)**

### ২.১১ ই-ফাইলিং:

| বিভাগ/সংস্থার নাম | গত মাসের অবস্থান | বর্তমান অবস্থান |
|---|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | ৬ষ্ঠ | ১২তম |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ২৩তম | ২৬তম |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১৮তম | ২২তম |
| কারা অধিদপ্তর | ১৭তম | ১৯তম |

- ই-ফাইলিং এ দপ্তর/সংস্থার কার্যক্রমের রেটিং ও মানোন্নয়নের প্রচেষ্টা অব্যাহত রাখা;
- ই-ফাইলিং কার্যক্রম বাস্তবায়নের সামগ্রিক অগ্রগতি শাখা/অধিদপ্তরওয়ারী শতকরা হারে সমন্বয়সভায় উপস্থাপন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন-১)**

### ২.১২ ইনোভেশন ও উত্তম চর্চা

**ইনোভেশন ও উত্তম চর্চা** : ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের ইনোভেশন সংখ্যা ৪টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২টি, কারা অধিদপ্তরের ৫টি **এবং** ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে,

- কারাগারে কর্মকর্তা-কর্মচারীগণের হাজিরা নিশ্চিত করার জন্য বায়োমেট্রিক পদ্ধতির হাজিরা পদ্ধতি চালু করার ব্যবস্থা করা;
- মাসিক সমন্বয়সভায় বিভাগ/অধিদপ্তরওয়ারী ইনোভেশন ও উত্তম চর্চা বিষয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ফোকাল পয়েন্ট কর্মকর্তা মাসিক সভায় উপস্থাপন করা;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/প্রশাসন ও অর্থ অনুবিভাগ/চিফ ইনোভেশন কর্মকর্তা**

### ২.১৩ মামলা

**মামলা :** মন্ত্রণালয় এবং অধিদপ্তরসমূহের পেন্ডিং বিভাগীয় মামলা নিয়ে প্রতিমাসে সভা করার বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

সুরক্ষা সেবা বিভাগের অধীন দপ্তরসমূহের মামলার অগ্রগতি নিম্নরূপ :

| অধিদপ্তরের নাম | অনিষ্পন্ন মামলার সংখ্যা | সর্বশেষ অবস্থা |
|---|---|---|
| ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর | টাইটেল স্যুট-১<br>দেওয়ানি-১<br>এটি মামলা-৯টি<br>রিট পিটিশন-১৯৪টি | বিচারাধীন |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | এটি মামলা-৬টি<br>এএটি মামলা-৬টি<br>রিট পিটিশন-৪৯টি | বিচারাধীন |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | এটি মামলা-১৫টি<br>এএটি মামলা-২টি<br>রিট পিটিশন-৪৩টি<br>লিভ টু আপিল-২টি | বিচারাধীন |
| কারা অধিদপ্তর | এটি মামলা-৫৮টি<br>এএটি মামলা-১৯টি<br>রিট মামলা-২৬টি<br>লিভ টু আপিল-১৮টি<br>সিভিল রিভিশন-২টি | বিচারাধীন |

- এ বিভাগে চলমান বিভাগীয় ও আপিল মামলাসমূহের তথ্য ও অধিদপ্তরসমূহে চলমান মামলার সংখ্যা প্রতিবেদন আকারে সমন্বয়সভায় উপস্থাপন করা।
- অধিদপ্তরসমূহের মামলা বিষয়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে নিয়ে সভা করে মামলা সংক্রান্ত তথ্য, মামলার ধরন কোর্টওয়ারী মামলার পরিসংখ্যান সমন্বয়সভায় উপস্থাপন করা;
- মামলায় সরকারি স্বার্থ রক্ষা করে নিষ্পত্তির সংখ্যা বৃদ্ধি করা;
- তদবিরের অভাবে কোন মামলা যেন খারিজ না হয় সেদিকে লক্ষ্য রাখা;
- প্রশাসনিক আপিল ট্রাইব্যুনাল মামলা, কোর্টভিত্তিক মামলা এবং অন্যান্য ক্যাটাগরির মামলা আলাদা কলামে উল্লেখ করা;

**বাস্তবায়নে: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান/আইন ও শৃঙ্খলা অনুবিভাগ**

### ২.১৪ বিবিধ :

**১৪.১ ভিডিও কনফারেন্সিং :**

**ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** : আইপি ফোনের মাধ্যমে ভিডিও কনফারেন্স এর আয়োজন করা হয়।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** : বিবেচ্যমাসে কোন ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়নি।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** : বিবেচ্যমাসে ১২টি ভিডিও কনফারেন্সের আয়োজন করা হয়েছে।

**কারা অধিদপ্তর : ভিডিও কনফারেন্সিং করা হয়নি।**

- মাঠ পর্যায়ের দপ্তরের সাথে চলমান উন্নয়ন ও সেবামূলক কাজের মানোন্নয়নের জন্য প্রত্যেক মাসে অধিদপ্তর কর্তৃক ভিডিও কনফারেন্সিং-এর আয়োজন করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা**

- **১৪.২ অগ্নি দুর্ঘটনা রোধকল্পে গণসচেতনতা সৃষ্টি**

- অগ্নি দুর্ঘটনা রোধকল্পে গণসচেতনতা সৃষ্টির লক্ষ্যে প্রচারণামূলক কার্যক্রমসহ নানাবিধ উদ্যোগ গ্রহণ করা;

**বাস্তবায়নে : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান।**

| | | |
|---|---|---|
| | **১৪.৩ মুজিববর্ষ ২০২০ উদযাপন।**<br><br>• মুজিববর্ষ উপলক্ষে কারা অধিদপ্তর হতে কোন সেবা নির্দিষ্ট করার তথ্য পাওয়া যায়নি; | • মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীর সভাপতিত্বে ২৬.০৫.১৯ তারিখে এ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথভাবে অনুসরণপূর্বক প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা:<br><br>**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তরসমূহকে-**<br>ক. মুজিব বর্ষ উপলক্ষে যে কোন একটি সেবা নির্দিষ্ট করতে হবে;<br>খ. অনুষ্ঠান আয়োজনে কোন প্রকার চাঁদা সংগ্রহ করা যাবে না;<br>গ. বঙ্গবন্ধুর দিক নির্দেশনাসমূহ সংগ্রহপূর্বক প্রচারণামূলক কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>ঘ. অতিরঞ্জিত কর্মপরিকল্পনা এবং পালনযোগ্য নয় এমন কোন কর্মসূচি গ্রহণ করা যাবে না;<br>ঙ. লেখালেখির ক্ষেত্রে দূরদর্শিতার পরিচয় আবশ্যক;<br>চ. ব্যানার, পোস্টার, ছবি ইত্যাদি প্রকাশে বিরূপ চিত্র ও ভাষার ব্যাপারে সতর্কতা অবলম্বন করতে হবে। |
| | **১৪.৪ পাসপোর্ট সংক্রান্তে এ্যাপস প্রস্তুতের অগ্রগতি :** | পাসপোর্ট সংক্রান্তে এ্যাপস প্রস্তুতের জন্য দৃশ্যমান কোন অগ্রগতি নেই, ডিজি,ডিআইপি কর্তৃক জরুরিভিত্তিতে এ্যাপস তৈরির কার্যক্রম সম্পন্ন করা;<br><br>**বাস্তবায়নে : অতিরিক্ত সচিব (নিরা: ও বহি:)/মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর।** |

৩। সভাপতি এ বিভাগের কর্মকর্তাগণকে তাদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার সহিত পালন করে সিদ্ধান্তসমূহ যথাযথভাবে বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন ভোগান্তির শিকার না হোন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ শহিদুজ্জামান)
সচিব
সুরক্ষা সেবা বিভাগ